পবিত্র হজ পালন কেবলমাত্র শারীরিকভাবে আকাশপথে ভ্রমণ নয়। এটা মূলত আত্মা ও হৃদয়ের একটি অভিযাত্রা। মহিমাম্বিত আলোর পথে একটি চলমান পথচলা। হজ পালনের সময় একজন হজযাত্রী তার আত্মার বিবর্তন উপলব্ধি করতে পারে। হজযাত্রীর মনে এটি এমন গভীর আধ্যাত্মিক প্রভাব ফেলে যে, পূন্যার্থী হজ থেকে ফিরে আসার পরও নিজেকে একজন হজযাত্রী হিসেবেই আবিষ্কার করে। যেহেতু এ যাত্রার একমাত্র উদ্দেশ্য থাকে হৃদয়ের শুদ্ধিকরণ, তাই যে মানুষগুলো পবিত্র হজ পালন সম্পন্ন করে তারা তাদের জীবনের একটি নতুন অর্থ খুঁজে পায়। মহানবী হযরত মোহাম্মাদ (সা.) হজ নিয়ে যে কথাটি বলে গেছেন সেটাই হজ যাত্রীদের কাছে চূড়ান্ত ও পরমোন্নতির নিদর্শন হয়ে আছে। কথাটি হলো, "যে ব্যক্তি ব্যভিচার, অশ্লীলতা ও বিবাদ থেকে নিজেকে নিবৃত্ত রেখে ঠিক মতো হজ পালন করলো, সে এক নবজাতকের মতোই বাড়িতে ফিরবে (অর্থাৎ সকল পাপ থেকে মুক্ত হয়ে)।"

ধর্মসম্মত ও সফলভাবে পবিত্র হজ পালনের জন্য আগাম প্রস্তুতি নেওয়াটা বুদ্ধিমানের কাজ। ভারসাম্যমূলক দৃষ্টিভঙ্গি, ইতিবাচক মনোভাব, নিরবচ্ছিন্ন ধৈর্য ও সহনশীলতা, অতিরিক্ত সতর্কতা, বিবেচনাবোধ, আত্মনিয়ন্ত্রণ এবং সৃষ্টিকর্তার প্রতি গভীর মনোনিবেশ; এসবই হলো পবিত্র হজ পালনের অন্যতম উপকরণ। ✈️



Biman connects Dhaka-Jeddah with five weekly flights. ([www.biman-airlines.com](http://www.biman-airlines.com))

### DON'T MISS

#### QUBA MOSQUE

The Quba mosque is one of the three historically important mosques left in Madinah. It is the site of the oldest mosque in Islam.

#### THE PROPHET'S MOSQUE

The Prophet's Mosque, or Al-Masjid An-Nabawwi, is the second holiest shrine in Islam, and the greatest attraction in the city of Madinah.

#### DATES FROM MADINAH

The city of Madinah is famous for its dates for centuries. Date farming is an important part of the local economy.

# Festive feravour

Come Durga Puja, and the entire Bangladesh will transform into a huge fairground for fun, food, frolic and devotion

## উৎসবের অনুভূতি

দুর্গা পূজা এলে গোটা বাংলাদেশটাই যেন পরিণত হয় এক বিশাল উৎসবের ভূমিতে। যেখানে খুঁজে পাওয়া যাবে অনাবিল মজা, খাবার, আনন্দোচ্ছলতা ও আত্মনিবেদন

By: Kunal Doley

48





**THE** terms 'thrifty' or 'judicious' do not exist in Bangladesh, everything has to be extravagant here. Be it food, music or the way one celebrates festivals, each of them stands tall to that claim. Without doubt, Durga Puja, one of the biggest festivals of Bangladesh, is also celebrated with much love, glory and fervour in this South Asian nation.

Manoranjan Pegu, a project coordinator in a global union federation, who got to witness the phenomenon called Durga Puja in Bangladesh a couple of years ago, was heartily overwhelmed by the sheer vibrancy of the cultural activities.

"I was posted in an organisation as a human rights fellow and had the opportunity to stay and work in the country for almost a year. The way the people celebrated Pohela Boishakh (Bengali New year), with almost everyone out on the streets in colourful attires, or Eid, with fun and amazing food in old Dhaka, mesmerised me. People

**শব্দ** 'কিপটেমো' কিংবা 'মেপেমেটে'-র অস্তিত্ব বাংলাদেশে পাওয়া যাবে না। এখানে সব কিছুতেই একটু বাড়াবাড়ি ধরনের আয়োজন থাকবেই। সেটা খাবার হোক, গান হোক অথবা কারো উৎসব পালনের ধরন হোক। এর প্রতিটির বেলাতেই ওই বিষয়টা পুরোপুরি খাটে। সন্দেহ নেই, বাংলাদেশের অন্যতম উৎসবগুলোর একটি হিসেবে বেশ ভালবাসা, জাঁকজমক ও প্রাণোচ্ছলতার সঙ্গেই উৎসবটি পালিত হয় দক্ষিণ এশিয়ার এই দেশটিতে।

মনোরঞ্জন পেগু হলেন একটি বৈশ্বিক ইউনিয়ন ফেডারেশনের প্রকল্প সমন্বয়ক। কয়েক বছর আগে বাংলাদেশের দুর্গা পূজা নামের বিষয়টা চাঞ্চল্য করেছেন তিনি। এখানকার সাংস্কৃতিক বর্ণালীর ছটা দেখে তার হৃদয় আবিষ্ট হয়ে গিয়েছিল।

পেগু বললেন, "এখানকার একটি প্রতিষ্ঠানে মানবাধিকার কর্মী হিসেবে আমার চাকরি হয় এবং সেই সুবাদে এই দেশে প্রায় এক বছর থাকার সুযোগ হয়েছিল। এখানে যেভাবে সবাই পহেলা বৈশাখের (বাংলা নববর্ষ) দিন রঙিন পোশাক পরে রাস্তায় বেরিয়ে আসে, ঈদের সময় মজার ও অসাধারণ সব খাবারে সেজে ওঠে পুরান ঢাকা, তা আমাকে রীতিমতো শিহরিত করেছিল। শ্রেণী পেশা ও ধর্ম নির্বিশেষে সকলেই এই সব উৎসবে অংশ নেয়। আর সেটা দুর্গা পূজার বেলাতেও সত্য।"

যদিও এ বছরের সেপ্টেম্বরের শেষ সপ্তাহে দশমী ও বিসর্জনের (মূর্তি নিমজ্জন) মধ্য দিয়ে পূজার উৎসবগুলো চূড়ান্ত পরিণতি পেতে যাচ্ছে, তথাপি অক্টোবরের ৪ তারিখের ধর্মীয় আচারের প্রস্তুতি নেওয়া পুরোদমে শুরু হয়ে গেছে এখন থেকেই।

## Dhaka will be the epicentre during puja with almost 450 pandals in the capital city alone

49



from all walks of life, irrespective of their religious affiliations, participate in these festivals. That holds true for Durga Puja as well,” says Pegu.

Although the pujas are going to be celebrated starting the last week of September this year, and culminating with Dashami and the ‘Bisharjan’ (idol immersion) ritual on October 3, preparations have already begun in full swing.

Dhaka will be the epicentre of all activities and decorated like a new bride with almost 450 puja pandals in the capital city alone. As per some estimates, the number of puja pandals may even touch 5,000 for the entire country. In Bangladesh, several organisations give bonuses to its employees so that there are no compromises on their festivities.

Every pandal is known for its speciality. While some are talked about for their decorations and the huge amount of money spent, others may be revered for being one of the oldest or the biggest ones in the country. The lovely get-up of the pandals, the amazing shops and fun areas in and around them, and the soothing sound of aarti more than make up for the long waiting times for entry into them.

For students, a very popular and favourite place to hang around during puja time, like in all seasons, will be the pandal at the Dhaka University area. The aarti here starts around 7 pm and the whole place remains buzzing with activity till late in the night.

Meeting friends, having amazing food over gossips and the festivities in general make Durga Puja one of the most loved festivals in the country.



*For Students, a Very Popular Place To Hang Around During Puja Time Will Be The Dhaka University Area*

Bengalis savour various dishes during the puja days

Durga puja ends with idol immersion on Vijaya Dashmi

সকল কার্যক্রমের প্রাণকেন্দ্র রাজধানী ঢাকা এবং এ উৎসব উপলক্ষে পুরো শহর সেজে উঠবে নববধূর সাজে। শুধু রাজধানীতেই সাজানো হবে ৪৫০টি পূজার প্যাভেল। এক হিসাব অনুযায়ী গোটা দেশে প্যাভেল সংখ্যা ছাড়িয়ে যেতে পারে ৫ হাজার। তা ছাড়া, বাংলাদেশের অনেক প্রতিষ্ঠানই তাদের কর্মীদের এ ধরনের উৎসবের জন্য বিশেষ ভাতা দিয়ে থাকে, যাতে করে উৎসবের সঙ্গে কাউকে কোনও আপোস করতে না হয়।

প্রতিটি প্যাভেলই সেগুলোর যার যার বিশেষত্বের জন্য সুপরিচিত। এর মাঝে আবার কোনোটি দেখা যায় তাদের সাজসজ্জার জন্য কিংবা বিপুল পরিমাণ অর্থ ব্যয়ের জন্য আলোচিত। অন্যান্যগুলো হতে পারে সবচেয়ে পুরনো কিংবা সবচেয়ে বড় প্যাভেল হিসেবে বাড়তি সম্মান পায়। প্যাভেলের দৃষ্টিনন্দন সজ্জা, চমৎকার সব দোকানপাট ও ভেতরে বাইরে মজার নানান উপকরণের পাশাপাশি আরতির মন্ত্রমুগ্ধকর ধ্বনি শুনে মনে হবে ভেতরে ঢোকানোর জন্য দীর্ঘ সময় লাইনে দাঁড়ানোটা মোটেই অযথা নয়।

অন্য সব মৌসুমের মতোই শিক্ষার্থীদের জন্য পূজার সময় ঘুরে বেড়ানোর সবচেয়ে জনপ্রিয় ও পছন্দের জায়গাটি হলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভেতরের প্যাভেলগুলো। সন্ধ্যা ৭টার দিকে এখানে আরতি শুরু হয়। রাতভর নানান কাজকর্ম আর পদচারণায় মুখর থাকে এলাকাটি।

বন্ধুদের সঙ্গে দেখা করা, আড্ডার ফাঁকে ফাঁকে দারুণ সব খাবারের স্বাদ নেওয়া এবং আরও কিছু উৎসবমুখর আয়োজনের প্রেক্ষিতে দুর্গা পূজা হয়ে ওঠে দেশটির সবচেয়ে প্রেমময় উৎসবের একটি।



WHERE YOUR  
**ROYAL TASTE**  
MEETS OUR  
**ROYAL JEWELS**



As seen in and magazine



THE  
**BIKANERSTATE**  
JEWELLERS

A Branch of Aabhushan

Princess Siddhi Kumari of Bikaner Collection

CONNAUGHT PLACE  
COOKE & KELVEY

3 Scindia House, Janpath, New Delhi - 110001  
Tel : +91.11.2331.4095/3712, Fax : +91.11.2331.6049

SUNDER NAGAR

The BikanerState Jewellers  
3 A Sunder Nagar Market, New Delhi - 110003  
Tel : +91.11.2435.3934/3372

# Festival of sacrifice

Eid-ul-Azha is not just an Islamic festival, but a three-day-long spiritual event of sacrifice, submission and supplication to God

By: Ghulam Rasool Dehvi

52



## আত্মত্যাগের উৎসব

ঈদ-উল-আজহা শুধুমাত্র একটি ইসলামিক উৎসবই নয়, এটি আত্মত্যাগ, সৃষ্টিকর্তার প্রতি আত্মনিবেদন এবং তিন দিন ব্যাপী একটি আধ্যাত্মিক ঘটনা



**EID**-ul-Azha (feast of Sacrifice), also known as the Greater Eid, marks the end of the Hajj, Muslims' annual pilgrimage to the holy city of Mecca. Commemorating the spirit of sacrifice of the Prophet Abraham, Muslims sacrifice animals on this occasion and distribute the meat to family, friends and the needy.

Eid-ul-Azha is not just an Islamic festival but a three-day-long moving spiritual event of sacrifice, submission and supplication to God, evoking deep emotions for helping the needy and feeding the hungry people. It offers Muslims a prime time for sincere reflection on the condition of the poor and the destitute and inculcates in them the spirit of love, compassion, caring for and sharing with them.

**ঈদ**-উল-আজহার (আত্মত্যাগের উৎসব) আরেকটি নাম হলো মহত্বের ঈদ। পবিত্র ভূমি মক্কায় মুসলমানদের সবচেয়ে বড় বার্ষিক সম্মিলন হজের পরিসমাপ্তি ঘটে এর মাধ্যমে। হযরত ইব্রাহীম (আ.) এর বিসর্জনের কথা স্মরণ করে মুসলমানরা এই উৎসবে পশু কুরবানি দিয়ে থাকে। এরপর ওটার মাংস পরিবার পরিজন, আত্মীয় ও অভাবীদের মাঝে বিতরণ করে।

ঈদ-উল-আজহা কেবল মাত্র একটি ইসলামিক উৎসবই নয়। এটি আত্মত্যাগ, সৃষ্টিকর্তার প্রতি আত্মনিবেদন ও তিন দিন ব্যাপী উদযাপিত একটি আধ্যাত্মিক ঘটনা, যার ফলে দরিদ্রদের সাহায্য করা ও ক্ষুধার্তদের খাবার দেওয়ার জন্য গভীর আবেগের সঞ্চার ঘটে। দরিদ্র ও নিঃস্ব মানুষদের অবস্থার প্রতিফলন বুঝতে এবং ওদের প্রতি হৃদয়ের অন্তঃস্থলে ভালবাসা, সহমর্মিতা, যত্ন ও ভাগ-বাটোয়ারার মানসিকতা অন্তরে প্রোথিত করার জন্য মুসলমানদের কাছে একটি মোক্ষম সময় নিয়ে আসে এই উৎসব।





*Many Virtuous And Harmonious Acts Are Carried Out To Achieve The Noble Objectives of Eid-ul-Azha*

54

## Charity and unity

Like Eid-ul-Fitr, Eid-ul-Azha is aimed at fostering charity and unity among all. They exhort Muslims to spread the spirit of love, compassion, harmony, almsgiving and peaceful co-existence with other fellow human beings. At the end of the Hajj pilgrimage to Mecca, millions of devout Muslim pilgrims (Hajjis) graciously donate food items to the poor. This

is actually celebrated in remembrance of the Prophet Abraham's willingness to sacrifice his son, Ismail, when God asked him to sacrifice the most precious thing to him.

It was none other than his only beloved son whom Allah gifted to him after he spent sleepless nights in constant prayers, asking for a child. However, when Ibrahim had fully prepared to sacrifice his son, God put a sheep in his place.

Prophet Abraham's infinite devotion and complete submission to the will of God are the core values that Muslims celebrate during Eid-ul-Azha. Thus, they remind themselves of the Prophet's willingness to sacrifice anything for the sake of God. Muslims are encouraged to sacrifice the halal (permissible) animals in remembrance of Ibrahim's devotional sacrifice to God and distribute them to the poor and less fortunate who cannot afford their meals. However, animal sacrifice is not the core essence of this festival.

## দান ও ঐক্যের

ঈদ-উল-ফিতরের মতো ঈদ-উল-আজহাও দান ও ঐক্যের লক্ষ্য নিয়ে আসে। ভালবাসা, সহমর্মিতা, ভারসাম্য, দান এবং অন্যান্য মানুষের সঙ্গে শান্তিপূর্ণ সহাবস্থানের বার্তা ছড়িয়ে দিতে এই উৎসবগুলো মুসলমানদের উদ্দীপ্ত করে। মক্কায় পবিত্র হজ পালন শেষে লাখে অনুরক্ত মুসলমান হজযাত্রীরা (হাজী) উদারহস্তে দরিদ্রদের মাঝে খাবার বিতরণ করে। সৃষ্টিকর্তা যখন বললেন যে তার সবচেয়ে প্রিয় বস্তুটিকে বিসর্জন দিতে হবে, তখন নিজের সন্তান ইসমাইল (আ.) কে উৎসর্গ করার যে ইচ্ছা দেখিয়েছিলেন নবী হযরত ইব্রাহীম (আ.), মূলত তারই অনুকরণে পালিত হয় এই উৎসব। সারা রাত জেগে একটি সন্তানের জন্য আল্লাহর কাছে প্রার্থনা করেছিলেন ইব্রাহীম (আ.)। আর তাই, অন্য কিছু নয়, সেই প্রিয় পুত্রই ছিল নবীর কাছে সবচেয়ে দামি বস্তু, যা আল্লাহ তাকে উপহার দিয়েছিলেন। তথ্য পি, ইব্রাহীম (আ.) তার সন্তানকে উৎসর্গ করার জন্য পুরোপুরি প্রস্তুত থাকলেও আল্লাহ তার পরিবর্তে সেখানে একটি মেঘ পাঠিয়ে দিয়েছিলেন।

মুসলমানরা এখন যে ঈদ-উল-আজহা উদযাপন করে তার মূল ভিত্তিটাই হলো আল্লাহর ইচ্ছার প্রতি নবী ইব্রাহীমের (আ.) অসীম ভক্তি ও পরিপূর্ণ সেই আত্মনিবেদন। আর এটাই তাদের মনে করিয়ে দেয় যে, সৃষ্টিকর্তার খাতিরে নবী ইব্রাহীম (আ.) যেকোনও কিছু উৎসর্গ করতে তৈরি ছিলেন। সৃষ্টিকর্তার প্রতি ইব্রাহীমের (আ.) ভক্তিমূলক আত্মত্যাগের স্মরণেই মুসলমানদের হালাল পশু (ধর্মীয়ভাবে অনুমোদিত) কোরবানি দেওয়া এবং সেগুলোকে গরীব ও যাদের খাবার যোগাড় করার সামর্থ্য নেই তাদের মাঝে বিতরণ করতে উৎসাহিত করা হয়েছে। আর তাই, পশু কোরবানি দেওয়াটাই এই উৎসবের মূল কথা নয়। এমনকি আল্লাহ বলেছেন, “তাদের মাংস আল্লাহর কাছে পৌঁছাবে না। এমনকি তাদের রক্তও নয়। কিন্তু তাঁর কাছে যা পৌঁছাবে তা হলো তোমাদের ভক্তি। (কোরআন, ২২:৩৭)।

## DID YOU KNOW?

### SALAT-UL-EID

Salat ul-Eid are significant prayers which take place during the first day of Eid to kick things off.

### LONGER EID

It is the longer of two Eid holidays observed by Muslims. Eid al-Fitr -- or Little Eid -- follows the conclusion of the holy month of Ramadan.

### CHARITY

Many Muslim families sacrifice a sheep and share the meat with the poor. They also donate charities that benefit the poor.





As God says: “their meat will not reach Allah, nor will their blood, but what reaches Him is piety from you.” (Qur’an 22:37).

### Noble objectives

This solemn occasion is not just confined to animal sacrifice; Muslims opt for many other ways to express devotion to the will of God during Eid-ul-Azha. Many virtuous and harmonious acts based on kindness and sharing tradition are carried out to achieve the noble objectives of Eid-ul-Azha.

The spirit of charity runs high in this feast and therefore Muslims become more generous and eager to share joys with the poor brethren of their societies. Some affluent Muslims even donate scores of money and feed the poor families in their country as well as abroad. As a result of this enormous spiritual generosity, not a single poor family in the neighbourhood of Muslims goes hungry during the three sacred days of Eid-ul-Azha.



### পবিত্র লক্ষ্য

এই ভাবগম্ভীর উৎসব শুধুমাত্র পশু কোরবানি দেওয়ার মধ্যে আটকে নেই; ঈদ-উল-আজহার সময় মুসলমানরা আরও অনেক উপায়েই সৃষ্টিকর্তার প্রতি তাদের ভক্তির প্রকাশ ঘটাতে পারে। ঈদ-উল-আজহার পবিত্র লক্ষ্য অর্জনের জন্য দয়ালু ও ভাগ-বাটোয়ারার ওপর ভিত্তি করে আরও অনেক ধর্মশীল ও ভারসাম্যমূলক কাজ করা হয়।

উদযাপনের প্রাক্কালে দানের শক্তিটা যেন আরও বেড়ে যায় এবং মুসলমানদের দেখা যায় আরও বেশি দানশীল হয়ে উঠতে। তারা আরও বেশি করে সমাজের ভাতৃবৃন্দের সঙ্গে সঙ্গে আনন্দের ভাগ-বাটোয়ারা করতে আরও বেশি উৎসাহী হয়ে ওঠে। ধনী মুসলিম পরিবারগুলো দরিদ্রদের মাঝে বিপুল পরিমাণ অর্থ দান করার পাশাপাশি দেশে ও দেশের বাইরে গরীব পরিবারগুলোকে খাবার দিয়ে থাকে। বিশাল পরিসরের এই আধ্যাত্মিক কাজকর্মের কারণে ঈদ-উল-আজহার তিনটি পবিত্র দিনে মুসলমানদের প্রতিবেশী একটি দরিদ্র পরিবারও ক্ষুধার্ত থাকে না। ❌

## HOW TO CELEBRATE

You must mark the day by



Pray

### Visit Eidgah

Every Muslim should visit an Eidgah to pray to the Almighty and then start the day.



Meal

### Donate

After the prayers, start visiting your relatives, eat sweets and 'sewiah', give gifts to children, donate something to the poor and needy



Shop

### Hug people

Go shopping for this day, and buy food items and clothes. Visit friends and hug each other on this day.

# App trainers

Short on time  
or bored of the  
same workout  
routine?  
These apps  
can help you  
stay fit

## অ্যাপ যখন প্রশিক্ষক

হাতে সময় কম? নাকি ব্যায়ামের একই রনটিন  
নিয়ে বিরক্ত? এই অ্যাপগুলো আপনাকে ফিট  
থাকতে সাহায্য করবে

By: **Amit Ranjan Paul**

56

**HEALTH** and fitness apps are a rage these days. If you're planning to lose some weight or stay in shape but don't know where to start, there are plenty of different options to choose from. Whether you want to discover a new workout, or track your diet, or lose some weight, these apps provide convenient ways to turn your smartphone into your new personal trainer and reach your fitness goals.

**ইদানীং** স্বাস্থ্য ও ফিটনেসের অ্যাপ নিয়ে কম হইচই হচ্ছে না। ওজন কমানো কিংবা শরীরটাকে মাপমতো রাখার পরিকল্পনা করছেন, অথচ বুঝতে পারছেন না কিভাবে শুরু করবেন, তবে হাতের নাগালেই আছে নানান অপশন। একটি নতুন ব্যায়াম খুঁজে বের করা কিংবা ডায়েটে নজরদারি, বা ওজন কমানোর তরিকা, যা-ই করতে চান না কেন, ওই অ্যাপগুলো আপনার স্মার্টফোনটিকে বানিয়ে দেবে আপনার নতুন ব্যায়াম প্রশিক্ষক। আর এতে করে পৌঁছে যাবেন ফিটনেসের কাঙ্ক্ষিত লক্ষ্যে।





## RunKeeper

This app lets you track your workouts and weight loss. It has planned routes and set workouts or you can create your own with audio coaching. You can also sync it with other tracking apps like MyFitnessPals Calorie Counter and Fitbit.

You can track your personal records and set goals for yourself, whether it be a weight loss goal, a distance goal, or something else. You can then view your past goals, set future ones, and see which ones you achieved and which ones you didn't. It is available in App Store.

## রানকিপার

এই অ্যাপটি আপনার ব্যায়াম ও ওজন কমানোর ওপর নজর রাখবে। এর একটি নিজস্ব রুট ও ব্যায়ামের সেট রয়েছে। অথবা আপনি চাইলে আপনার নিজস্ব অডিও কোচিং তৈরি করে নিতে পারবেন। এই অ্যাপটিকে চাইলে অন্যান্য ট্রেकिং অ্যাপ যেমন- মাইফিটনেসপালস, ক্যালোরি কাউন্টার এবং ফিটবিটের সঙ্গে সমন্বয় (সিঙ্ক) করতে পারবেন।

এটা দিয়ে আপনি ব্যক্তিগত রেকর্ডে নজর রাখা এবং নিজের জন্য লক্ষ্য স্থির করতে পারবেন। আর এই লক্ষ্যটা হতে পারে ওজন কমানো, সুনির্দিষ্ট দূরত্ব কিংবা অন্য কিছু। চাইলে এতে অতীতের লক্ষ্যগুলোতে চোখ বুলাতে পারবেন, সেট করতে পারবেন ভবিষ্যতের পরিকল্পনা। জানতে পারবেন, কোনটা আপনি অর্জন করতে পেরেছেন, কোনটা পারেননি। অ্যাপ স্টোরেই পাবেন এটি।

## SOME MORE HANDY APPS

To get you the right diet



iPhone

### Superfoods

This app sets out the facts and leaves you equipped with all the knowledge you need to make the most out of the superfoods.



Androids

### Nutrino

This app builds a personalised menu for you, taking into consideration how many calories you should be eating each day.



Both

### My Diet Coach

Aimed at women, it allows you to set personalised reminders and combat laziness and food temptation with photos and slogans.



## Nike Training Club

Targeted at women and designed for a full-body training, this app includes workouts and drills in areas focusing on strength, cardio and core-training. Available in App Store, some of the features of the app includes the ability to work out to music from one's own library, 15-, 30- and 45-minute workouts in beginner, intermediate and advanced levels, detailed videos showing how to do certain drills. It is available in languages other than English too.

## নাইকি ট্রেনিং ক্লাব

বিশেষ করে নারীদের লক্ষ্য করেই বানানো হয়েছে এই অ্যাপ যা গোটা শরীরের প্রশিক্ষকের কাজ করবে। শক্তিমত্তা, হৃদযন্ত্র ও মূল প্রশিক্ষণ ব্যায়াম ও ড্রিল রয়েছে এতে। অ্যাপ স্টোরেই মিলবে এটি। অ্যাপটির একটি ফিচার আছে যা আপনাকে ব্যায়ামের সময় নিজের লাইব্রেরির ভেতর থাকা গান শোনার ব্যবস্থা করে দেবে। নবিশ, মাধ্যমিক ও উচ্চপর্যায়ের জন্য যথাক্রমে ১৫, ৩০ ও ৪৫ মিনিটের ব্যায়ামের প্রোগ্রাম রয়েছে এতে। বিশেষ কিছু ড্রিলের খুঁটিনাটি দেখাতে আছে ভিডিও। ইংরেজি ছাড়াও আরও কিছু ভাষায় ব্যবহার করা যায় এই অ্যাপ।



## Hot5

If hitting the gym for an hour-long gym session isn't your thing, Hot5 could be your app. The five-minute video tutorials in this app have been designed to suit a hectic lifestyle, but with great benefits. The tutorials are taken by one of seven trainers, who specialise in different areas of fitness.

## হট৫

জিমে গিয়ে এক ঘণ্টা লড়াই করা যদি আপনার ধাতে না থাকে তবে আপনার জন্যই হট৫ অ্যাপ। অ্যাপটিতে থাকা ৫ মিনিটের ভিডিও টিউটোরিয়ালটি একটি ব্যস্ততম জীবনকে মাথায় রেখেই সাজানো হয়েছে। তবে এতে অনেক সুবিধাও আছে। ফিটনেসের নানান বিভাগে বিশেষজ্ঞ সাত প্রশিক্ষকের মধ্যে একজন এই টিউটোরিয়ালটি তৈরি করেছেন।

When downloading the app you are given 500 credits and you can unlock new workouts as you go along. The idea is that if you keep coming back, even if for only five minutes a day.

অ্যাপটি ডাউনলোড করার সময় ৫০০ ক্রেডিট দেওয়া হবে আপনাকে। এরপর এর সঙ্গে যেতে যেতে আপনি নতুন করে আরও ব্যায়াম আনলক করতে পারবেন। এর মূল বিষয়টা হলো, চাইলে এটাকে আপনি দিনে মিনিট পাঁচেকের জন্য হলেও ব্যবহার করতে পারবেন।



## MyFitnessPal

Counting calories is a great way to be aware of what you're eating. Couple that with a daily calorie limit and you could find yourself losing weight and getting healthier in no time.


MyFitnessPal Calorie Counter makes this easy. There are over three million items in its food database, so logging what you eat and drink is a breeze and if there's anything missing you can always create custom foods. It is available for Androids and is free.

## মাইফিটনেসপাল

খাওয়ার ব্যাপারে সচেতন হওয়ার জন্য ক্যালোরি গোনটা হতে পারে চমৎকার একটা উপায়। আর এতে যদি প্রতিদিনকার ক্যালোরির সীমা সেট করে দেওয়া হয় তবে দেখবেন, ওজন কমানো এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে মোটেই সময় লাগবে না।

মাইফিটনেসপাল ক্যালোরি কাউন্টার কাজটাকে সহজ করে দেবে। এর খাদ্য ডাটাবেজে ৩০ লাখেরও বেশি আইটেম আছে। আর তাই যা খাচ্ছেন ও পান করছেন তা লিখে রাখাটা অতিশয় সহজ। আবার যদি কোনো আইটেম না থাকে, তবে ডাটাবেজে নতুন খাবারের তথ্য দিতে পারবেন যেকোনও সময়। অ্যান্ড্রয়েডের জন্য বানানো এই অ্যাপটি মিলবে বিনামূল্যে।

myfitnesspal



## Zombies, Run

This Android app turns a boring run into an exciting chase with zombies. The app puts together a whole narrative while you are running while at the same time tracking your stats and ensuring a good workout.

You can run for as long as you want and just pause the app when you're ready to head back in. When the next day rolls around, just re-open the app and pick up where you left off. Unlike most of the other fitness apps, Zombies, Run! is not free.

## জোম্বিস, রান!

এই অ্যান্ড্রয়েড অ্যাপটি একটি গল্পবাহী দৌড়কে বানিয়ে দেবে জোম্বিদের সঙ্গে চমকপ্রদ এক প্রতিযোগিতায়। দৌড়ানোর সময় অ্যাপটি যাবতীয় বর্ণনা লিপিবদ্ধ করে রাখবে এবং একইসঙ্গে এটি পরিসংখ্যানও সংরক্ষণ করবে যা আপনার সুষ্ঠু ব্যায়াম নিশ্চিত করবে।

যতক্ষণ খুশি দৌড়াতে পারবেন এবং অ্যাপটাকে পজ করে রেখে পরে আবার যোগ দিতে পারবেন। রাত ঘুরে দিন হলেই অ্যাপটি পুনরায় চালু করুন এবং যেখানে শেষ করেছিলেন সেখান থেকে ফের শুরু করুন। অন্য সকল অ্যাপের মতো, জোম্বি, রান! কিন্তু ফ্রি নয়।





# Man of versatile talents



Celebrity chef Tony Khan wants to promote traditional Bangladeshi food through regional food festivals

By: Abhishek Chakraborty

60



## এক বহুমুখী প্রতিভাধর

খাবার নিয়ে স্থানীয় উৎসবগুলোর মাধ্যমেই তারকা রন্ধনশিল্পী টনি খান ঐতিহ্যবাহী বাংলাদেশি খাবারের প্রচারণা করতে চান



**TALL**, jolly and always carrying a charming smile on his face, Tony Khan, General Manager at Grand Sultan Tea Resort & Golf, Sreemangal, Sylhet, is a man of versatile talents. His experiences in the world of culinary art are manifold, which makes him a master in his line of work.

Chef Khan was born in the Khulna district of Bangladesh. But he was not too much into food until he came to Singapore at the age of 16. "When I went to Singapore at the age of 16 for study that was the first time I came to know about professional chef as a career," says Khan. His liking for food got a boost when he went to Australia few years later.

Khan began his training in Singapore before working for some of the most prestigious hotels and restaurants across the world. He later moved to Australia where he had spent about 30 years, learning and gathering experience from some of the most reputable institutions.

**লস্বাটে**, আমুদে এবং মুখে সবসময়ই একটা উৎফুল্লের হাসি লেগে থাকে তার মুখে। তিনি টনি খান, সিলেটের শ্রীমঙ্গলের গ্র্যান্ড সুলতান টি রিসোর্ট অ্যান্ড গল্ফ-এর জেনারেল ম্যানেজার। এককথায় যিনি একজন বহুমুখী প্রতিভাধর। রন্ধনশৈলীর দুনিয়ায় তার অভিজ্ঞতার ব্যাপকতা অনেক। যার কারণে নিজের জগতে তিনি একজন মাস্টারে পরিণত হয়েছেন।

বাংলাদেশের খুলনা জেলায় জন্ম শেফ খানের। কিন্তু ১৬ বছর বয়সে সিঙ্গাপুরে না যাওয়া পর্যন্ত খাবারের প্রতি তার খুব একটা আগ্রহ জন্মায়নি। "১৬ বছর বয়সে যখন পড়াশোনার জন্য সিঙ্গাপুরে যাই তখনই প্রথম জানতে পারি যে, রন্ধনশিল্পী হওয়াটাও একটা পেশা হতে পারে," জানালেন খান। এর কয়েক বছর পর যখন অস্ট্রেলিয়া গেলেন তখন খাবারের প্রতি তার ভালোবাসা হঠাৎ করেই বেড়ে যায় অনেকখানি।

বিশ্বের আনাচে কানাচে নামকরা কিছু হোটেল ও রেস্টুরাঁয় কাজ করার আগে খান তার প্রশিক্ষণ শুরু করেছিলেন সিঙ্গাপুরেই। পরে তিনি অস্ট্রেলিয়ায় চলে যান, যেখানে তিনি ৩০ বছর কাটিয়েছিলেন এবং সেখানকার নামিদামি সব সংস্থা থেকে নিয়েছিলেন শিক্ষা, কুড়িয়েছিলেন অভিজ্ঞতা।

### FAST FACTS



Born in Bangladesh, Tony Khan was not too much into food until he came to Singapore at the age of 16 for education.

In 1991, he was awarded "Chef of The Year" by South Pacific Tourism Board, Papua New Guinea



## The journey

Before joining the Grand Sultan, Khan has worked for King Faisal, Saudi Arabia, as Corporate Executive Chef for Marriott and Continental Hotels and few five-star hotels in Pakistan. On returning to Bangladesh, he has worked with Radisson Water Garden Hotel, Dhaka, and The Westin Dhaka. "Bangladeshi food is yummy, but we need to be cautious in maintaining proper food hygiene," he adds.

Khan was one of the recipients of "10 Best Chefs in the World" in 1998. In 1991, he was awarded "Chef of The Year" by South Pacific Tourism Board, Papua New Guinea. Chef Khan always strives to cater to every individual guest in his hotel, by customising their meals.

## Chef's menu

The chef's dynamic collection of recipes varies from French, Mediterranean, Modern Australian, Middle Eastern, Caribbean, African, Pacific Rim and Pan Asian cuisine. However, his favourite is Teriyaki Salmon, with Salmon being very healthy and good for heart.

Apart from cooking, Khan loves to spend time with his friends. "I love dinning out with my friends, visiting food market, listening music and interacting with people in free time," shares Khan.

## Way forward

Now that Khan is in Bangladesh, he wants to promote Bengali dishes and bring Bangladeshi dishes on the foodies list the world over. He also has plans to start a training institute in Bangladesh.

"I am planning to establish a training institute here at Grand Sultan where people will learn to become a cook. I also want to promote the food of Bangladesh through regional food festivals highlighting traditional foods in world food atlas," shares Khan.

## যাত্রা

গ্র্যান্ড সুলতানে নিয়োগ পাওয়ার আগে খান সৌদি আরবের কিং ফয়সাল-এ কাজ করেছিলেন। সেখানকার ম্যারিয়ট অ্যান্ড কন্টিনেন্টাল হোটেলস-এ করপোরেট নির্বাহী শেফের দায়িত্বে ছিলেন খান। এ ছাড়া পাকিস্তানের গুটিকয়েক পাঁচতারা হোটেলও কাজ করেছিলেন। বাংলাদেশে ফেরার পর তিনি ঢাকার রেডিসন ওয়াটার গার্ডেন হোটেল ও ওয়েস্টিন ঢাকায় কাজ করেছিলেন। খান আরও বলেন, "বাংলাদেশের খাবার দারুণ সুস্বাদু। তবে আমাদেরকে খাবারের স্বাস্থ্যবিধি রক্ষার ব্যাপারে আরও সচেতন হতে হবে।"

রন্ধনশৈলীতে অনন্য ও সর্বজনীন স্টাইলের জন্য ১৯৯৮ সালে বিশ্ব সেরা ১০ শেফের তালিকায় উঠেছিল খানের নাম। ১৯৯১ সালে পাপুয়া নিউ গিনির সাউথ প্যাসিফিক টুরিজম বোর্ড তাকে "শেফ অব দ্য ইয়ার" খেতাবে ভূষিত করেছিল। খান সবসময় প্রাণপন চেষ্টা করেন যাতে করে হোটেল বেড়াতে আসা প্রত্যেক অতিথির রুচি অনুযায়ী খাবার পরিবেশন করা যায়।

## শেফের মেন্যু

এই শেফের রেসিপি বহুমাত্রিক সংগ্রহশালায় রয়েছে ফরাসি থেকে শুরু করে ভূমধ্যসাগরীয়, আধুনিক অস্ট্রেলিয়ান, মধ্যপ্রাচ্য, ক্যারিবিয়ান, আফ্রিকান, প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল এবং প্যান এশিয়ান রন্ধনশৈলী। তথাপি, তার পছন্দের আইটেমটি হলো টেরিয়াকি স্যামন। আর এই স্যামন মানুষের হৃৎপিণ্ডের জন্য বেশ স্বাস্থ্যকর ও উপকারী খাবার।

রান্নাবান্নার পাশাপাশি খান তার বন্ধুদের সঙ্গে সময় কাটাতে পছন্দ করেন। আরও জানান, "বন্ধুদের সাথে নিয়ে রান্না করতে খুব ভালবাসি। এ ছাড়া খাবারের বাজার ঘুরে দেখা, গান শোনা এবং অবসরে মানুষজনের সঙ্গে কথাবার্তা বলাও পছন্দ করি।"

## সামনের দিকে

এখন খান যেহেতু বাংলাদেশেই আছেন, তাই বাংলাদেশি খাবারের প্রচারণা করতে চান তিনি এবং বাংলাদেশি ডিশগুলোকে তুলে দিতে চান সারা বিশ্বের ভোজনরসিকদের তালিকায়। রান্না শেখাতে বাংলাদেশে একটি প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনাও আছে তার।


জানালেন, "এই গ্র্যান্ড সুলতানেই আমি একটা প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলতে চাই যেখানে মানুষজন পাচক হতে শিখবে। এ ছাড়া, খাবার নিয়ে স্থানীয় বিভিন্ন উৎসবের মাধ্যমে আমি বাংলাদেশের খাবারের প্রচারণা করতে চাই, যাতে করে ঐতিহ্যবাহী এ খাবারগুলো উঠে আসবে বিশ্বের খাদ্য মানচিত্রে।" 🍷



**Khan wants to promote Bengali dishes and bring Bangladeshi dishes on the foodies list the world over**







Teriyaki Salmon By: Tony Khan

# a la my way

## নিজের মতো টেরিয়াকি স্যামন

63

### Ingredients: Serve 2

- 2 x 150gm salmon fillet or any white fish
- 50mls teriyaki glaze (honey Soya & ginger glaze)
- 60g Eggplant or Japanese aborigine (young eggplant)
- 10g onion marmalade
- 20g baby squid (calamari)
- 2 tablespoons miso-mustard sauce
- 5g salmon roe, Option as garnish
- 5g chopped chives
- 2 Piece of green spring onion tips, slice red radish, lemon wedges, as garnish

### Method

1. Marinate the salmon in teriyaki sauce, batter and deep fry the baby squid. (Battered fried baby squid).
2. Steam the marinated aborigine (soya, sake and honey) and place it in the middle of the plate.
3. Sear the salmon fillet medium to rare in a non-stick pan and balance on the aborigine.
4. Place a small amount of the onion marmalade on the salmon and put the baby squid on top.
5. To make the dressing, mix the salmon roe and half the chopped chives. Garnish with green spring onion tips, slice red radish, lemon wedges.
6. With the grilled baby squid on top of teriyaki salmon serve on white square plate, (on green onion) with the miso sauce and spoon around.

### পদ্ধতি

১. টেরিয়াকি সসে স্যামনকে প্রথমে মেরিনেইড করে নিন। বেবি স্কুইডটাকে ফেটিয়ে ডুবো তেলে ভাজুন (বেটারড ফ্রাইড বেবি স্কুইড)।
২. মেরিনেট করা অ্যাবোরিজিনকে (সয়া, সেইক ও মধু) স্টিম করে নিন এবং প্লেটের ঠিক মাঝে রাখুন।
৩. ননস্টিক প্যানে মাঝারি থেকে অল্প আঁচে স্যামনের টুকরোগুলো ঝলসে নিন এবং অ্যাবোরিজিনে ব্যালেন্স করে রাখুন।
৪. স্যামনের ওপর অল্প পরিমাণে পেঁয়াজের মোরব্বা রেখে তার উপর বেবি স্কুইডটি রাখুন।
৫. ড্রেসিং তৈরি করার জন্য, স্যামন মাছের ডিম ও কুচি করে কাটা পেঁয়াজ পাতা মিশিয়ে নিন। সবুজ পেঁয়াজ পাতার উপরের অংশ, স্লাইস করে কাটা লাল মুলার টুকরো ও লেবুর টুকরো দিয়ে সাজিয়ে নিন।
৬. সাদা রঙের চারকোণা প্লেটে (পেঁয়াজ পাতার ওপর) টেরিয়াকি স্যামনের ওপর গিল করা বেবি স্কুইড রেখে মাইসো সস চামচ দিয়ে নেড়ে নিন। ➔



# Green business

Masrur Khan, a young Bangladeshi, comes up with Good & Green to promote eco-friendly products

By: Abhishek Chakraborty



## সবুজ বাণিজ্য

মাসরুর খান বাংলাদেশের একটি তরুণ প্রাণ।  
পরিবেশবান্ধব পণ্যকে জনপ্রিয় করতে তিনি  
নিয়ে এসেছেন গুড অ্যান্ড গ্রিন

**IT'S** truly said that green is the new black.

Starting from an eco-friendly chair to handmade paper to green umbrella to the green lamp, eco-friendly products are a rage today. They can be seen used in advertisements, as slogans, labelled on products of all types.

Eco-friendliness is more than just a trend today. What started as hype in the business world about a decade ago is now a standard parameter to measure a company's performance, success and value. So today starting from baby products to skincare products to home decor to products of daily needs, one can find green products in every sector.

Today, eco-friendly products are being made from a vast array of materials. While companies in countries like the US, UK etc have pioneered in making use of eco-friendly green products, nations like Bangladesh have started realising their importance.

**Eco-friendly products are a rage today. They can be seen in advertisements, as slogans, labelled on products of all types**

**সবুজ** যেন এখন কালোর আরেক নাম।

পরিবেশবান্ধব চেয়ার থেকে শুরু করে হাতে তৈরি কাগজ, সবুজ ছাতা থেকে সবুজ ল্যাম্প; পরিবেশবান্ধব পণ্যের জন্য এখন বলতে গেলে পাগল সবাই। এই সময়ের বিজ্ঞাপনগুলোতেও যা কিনা একটি স্লোগান হয়ে দাঁড়িয়েছে, যা এখন প্রায় সব ধরনের পণ্যের লেবেল হিসেবে ব্যবহৃত হচ্ছে।

পরিবেশবান্ধব হওয়াটা এখন আর নেহায়েত কোনো প্রবণতা নয়। এক দশক আগেও যা কী-না বাণিজ্যিক দুনিয়ার শ্রেফ একটা ঝটকা হিসেবে আবির্ভূত হয়েছিল, এখন তা একটি কোম্পানির সক্ষমতা, সফলতা ও মূল্য মাপার মানদণ্ড হয়ে দাঁড়িয়েছে। আর তাই আজকের দিনে শিশুপণ্য ও ত্বক পরিচর্যার পণ্য থেকে শুরু করে গৃহসজ্জার সামগ্রী; সকল ধরনের পণ্যেই খুঁজে পাওয়া যাবে সবুজের উপস্থিতি।

এখন অনেক ধরনের কাঁচামাল দিয়েই তৈরি হচ্ছে পরিবেশবান্ধব পণ্য। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের মতো দেশের কোম্পানিগুলো যেখানে পরিবেশবান্ধব পণ্য তৈরিতে অগ্রদূতের ভূমিকা পালন করছে সেখানে বাংলাদেশ সবে মাত্র এর গুরুত্ব বুঝতে শিখছে।



Looking to tap this huge market, Masrur Khan, a young Bangladeshi entrepreneur, formed a company called Good & Green for manufacturing and exporting eco-friendly products. His company exports handmade paper, products made of handmade paper such as price tags, notebooks, and home decorations to countries like Australia, UAE etc. Khan says he wanted to come up with something, which is eco-friendly and ethically produced. "Back in early 2013, I saw an upward trend for eco-ethical business globally. So when I came to know the potential of jute as a very viable alternative for plastic and other synthetic materials that are polluting our world, I wanted to use this opportunity to the fullest," says Khan.



Jute is one of the world's most natural (and most under appreciated) eco-friendly materials. Khan saw this opportunity as jute is one of the largest export earner for Bangladesh. "With the rise of global consciousness for eco-friendly products, jute can be the best alternative and Bangladesh has the best combination to take that opportunity," says Khan.

However, there were many obstacles in the path too. Masrur first had to visit some jute mills across Bangladesh to inspire owners to revive their productions of jute fibres and jute products. He then went to the nearby villages to talk with the village women to utilise the traditional craftsmanship of rural Bengal. "We believe business and social good is possible," says Khan.

Currently, they are offering eco-ethical packaging, gift items, small-scale eco-ethical fashion items like hand bag, clutch bag etc, made from jute and handmade paper. "Basically, we are focusing in packaging products now, because this is a huge industry," adds Khan.

আর এই বিশাল বাজারটাকে ধরতেই তরুণ বাংলাদেশি উদ্যোক্তা মাসরুর খান গড়ে তুলেছেন গুড অ্যান্ড গ্রিন নামের একটি কোম্পানি। যেখানে পরিবেশবান্ধব পণ্য তৈরি ও রফতানি হয়ে থাকে। তার এই কোম্পানি হাতে বানানো কাগজ এবং হাতে বানানো কাগজ থেকে তৈরি পণ্য যেমন- প্রাইস ট্যাগ, নোটবুক ও গৃহসজ্জার উপকরণ এসব উৎপাদন করে এবং অস্ট্রেলিয়া ও সংযুক্ত আরব আমিরাতের মতো দেশগুলোতে রফতানি করে।

পরিবেশবান্ধব হবে এবং নৈতিকতা মেনেই তৈরি করা হবে। "২০১৩ সালের শুরু দিকে সারা দুনিয়ায় পরিবেশ-নীতিবান্ধব বাণিজ্যের একটি উর্ধ্বমুখী প্রবণতা দেখতে পাই। আর যখন আমি জানতে পারলাম যে আমাদের এই বিশ্বের পরিবেশকে দূষিত করে চলা প্লাস্টিক ও অন্যান্য সিনথেটিক উপকরণের যুৎসই বিকল্প হতে পারে পাট, তখনই আমি সুযোগটা পুরোপুরি কাজে লাগাতে চাইলাম," বললেন খান।

পাটকে বলা হয় বিশ্বের সবচেয়ে প্রাকৃতিক (একইসঙ্গে সবচেয়ে অবহেলিত) পরিবেশবান্ধব উপকরণ। পাশাপাশি বাংলাদেশের সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা আয় করা পণ্য হিসেবেও খান সুযোগটা দেখতে পেয়েছেন। খান জানান, "পরিবেশবান্ধব পণ্যের প্রতি বিশ্বের সচেতনতা জেগে ওঠার সঙ্গে পাটই হতে পারে সবচেয়ে ভাল বিকল্প এবং এই সুযোগটা আঁকড়ে ধরার মতো সবচেয়ে ভাল অবস্থায় আছে বাংলাদেশ।"

তবে এ পথে অনেক বাধাও ছিল। মাসরুরকে প্রথমে বাংলাদেশের অনেক পাটকলে যেতে হয়েছিল।

কারখানা পুনরায় চালু করে পাটের আঁশ ও পাটজাত পণ্য তৈরিতে মালিকদের উৎসাহিত করতে হয়েছে তাকে। তারপর তিনি গ্রামের নারীদের সঙ্গে আলাপ করতে পাশের গ্রামগুলোতে গিয়েছিলেন। গ্রামবাংলার ঐতিহ্যবাহী কারুশিল্পে তাদের উৎসাহ যুগিয়েছিলেন। "আমরা বিশ্বাস করি ব্যবসার পাশাপাশি সমাজের কল্যাণ করা সম্ভব," বললেন খান।

এই মুহূর্তে খানের কোম্পানিতে তৈরি হচ্ছে পরিবেশ-নীতিবান্ধব প্যাকেজিং, উপহার সামগ্রী, ছোট আকারের পরিবেশবান্ধব ফ্যাশন পণ্য যেমন-হাত ব্যাগ, ক্লাচ ব্যাগ ইত্যাদি। এগুলো পাট ও হাতে তৈরি কাগজ দিয়ে বানানো। খান জানান, "মূলত, আমরা এখন প্যাকেজিং পণ্যের দিকেই নজর দিচ্ছি। কারণ এটা অনেক বড় একটা শিল্প।" ➔

## FOR THE LOVE OF NATURE

### Thriving ecosystem of nature



Fashion

#### Clutch Bag

Made of recycled rubber and black linen cloth, this is available in vegetable dye and AZO free



Decor

#### Photo Frame

Made of handmade jute paper, this photo frame comes in white colour and can be used in offices, home etc.



Packaging

#### Designer Shopping Bag

This bag is made of fine jute fabric. The lining in the bag is of low density polythylene.

[www.subcontinentalmedia.com](http://www.subcontinentalmedia.com)



# We Make Awesome Apps

*Strategy.  
Design.  
Development.  
Testing.*

For more details, please email at  
[digital@subcontinentalmedia.com](mailto:digital@subcontinentalmedia.com)



---

Subcontinental Media Private Limited

Registered Address: Suite 314, Crystal Palace, 3rd Floor, House # SE (D) , Road No # 140,  
Gulshan South Avenue, Gulshan-1, Dhaka -1212, Bangladesh  
Tel: +880 9611888621, Direct: +880 9611888622, Fax: +880 9611688203

---

Subcontinental Media Group Private Limited

Registered Address: B28, Second Floor, Kailash Colony, Zamrudpur,  
New Delhi -110048, India, Tel: +91 11 41052288, CIN No: U22219DL2011PTC223957



# 'Selfie' smartphone

Dubbed as the 'world's best selfie smartphone', Sony launches Xperia C3

By: Archana



## 'সেলফি' স্মার্টফোন

সনি নিয়ে এলো এক্সপেরিয়া সি৩; যার আরেক নাম বিশ্বসেরা সেলফি স্মার্টফোন



68



**SONY** Xperia C3, dubbed as the 'world's best selfie smartphone', was recently launched worldwide. It features a whopping LG G3-like 5.5 inches IPS LCD display, with a lower screen resolution of 720 x 1,280 pixels. In addition, the pixel density stand at 441 ppi and 267 ppi respectively.

Though the Xperia C3 comes with a relatively inferior 8 MP rear-facing camera with LED flash, it has a 5 MP front-facing camera unit. However, as its name suggests, it comes with a unique frontal LED flash.

Along with the flash, the Xperia C3 also provides an 80 degree target view. The selfies can be taken in multiple ways, the Smile Shutter function lets the selfie to be captured with just a smile. The Xperia C3 houses a 2500 mAh non-removable battery unit.

Unlike most smartphones, Xperia C3 comes with Triluminos display technology, which is synonymous with high-end Sony handsets and mobile Bravia Engine 2. This combination provides the mid-range Xperia C3 handset with better colour and image reproduction.

The thickness and the weight of the Xperia C3 are 0.30 inches and 149 gm respectively. It is powered by a quad-core (Qualcomm Snapdragon 400) Cortex-A7 processor, clocked at 1.2 GHz. However, the Sony handset comes with only 1 GB of RAM.

**সম্প্রতি** বাজারে এলো সনির এক্সপেরিয়া সি৩, যাকে বলা হচ্ছে 'বিশ্বসেরা সেলফি স্মার্টফোন'। এলজি জি-৩ এর মতো এতেও আছে ৫.৫ ইঞ্চির বিশালাকার আইপিএস এলসিডি ডিসপ্লে। যার রেজুলেশন অপেক্ষাকৃত কম- ৭২০ বাই ১২৮০ পিক্সেল। এ ছাড়া, এর পিক্সেলের ঘনত্ব হলো যথাক্রমে ৪৪১ পিপিআই এবং ২৬৭ পিপিআই।

যদিও এক্সপেরিয়া সি৩ এর পেছনে থাকা ৮ মেগাপিক্সেল ক্যামেরাটা তুলনামূলক বিচারে আহামরী কিছু নয়, তথাপি এর সামনে আছে ৫ মেগাপিক্সেলের ফ্রন্ট ক্যামেরা। আর এর নামেই বোঝা যায় যে এতে একটি ফ্রন্টাল লেড ফ্ল্যাশও রয়েছে।

এই ফ্ল্যাশের পাশাপাশি এক্সপেরিয়া সি৩ দেবে ৮০ ডিগ্রি পর্যন্ত টার্গেট ভিউ। সেলফি তোলা যাবে অনেক কায়দায়। এর স্মাইল শাটার ফাংশন-এর মাধ্যমে চাইলে শুধু হাসিমুখের ছবি তোলা যাবে। এক্সপেরিয়া সি৩ তে রয়েছে ২৫০০ মিলিঅ্যাম্পিয়ারের অ-প্রতিস্থাপনযোগ্য একটি ব্যাটারি ইউনিট।

